

উপজেলা পরিষদ
কালিহাতি, টাঙ্গাইল।

পরিবেশ ও বন সম্পর্কিত কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি	:	রিনা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ	:	১০/০৪/২০২২ খ্রি.
সভার সময়	:	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	:	মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি বলেন, গত অর্থ বছরে বিক্রয় ও বিতরণের জন্য বিভিন্ন প্রজাতীর ৩০,০০০(ত্রিশ হাজার) চারা গাছ উত্তোলন করা হয়। উত্তোলিত চারার মধ্যে ১২,৫০০(বার হাজার পাঁচশ) টি চারা নির্ধারিত মূল্যে বিক্রয় করে সরকারি রাজস্ব কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অবশিষ্ট চারা মজুদ রয়েছে। মজুদকৃত চারার পরিচর্যা কাজ চলমান এবং ৭৫ জন উপকারভোগীর মধ্যে তাহাদের গাছ বিক্রয়ের হিসাব প্রদান করা হয়েছে।	মজুদকৃত চারা রক্ষণাবেক্ষণ, পরিচর্যা ও বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি
০১	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দাপ্তরিক কোন সমস্যা নেই।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য এবং নিয়মিত অব্যাহত রাখার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালিহাতিকে অনুরোধ করা হলো।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে তাঁদের উপর অর্পিত সরকারি দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে পালনের এবং সকল সদস্যকে আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(রিনা পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

পরিবেশ ও বন সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নিবাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। জনাব.....
.....
কালিহাতি, টাঙ্গাইল।



ভারপ্রাপ্ত কর্মকর্তা

সামাজিক বনায়ন নাসরী ও প্রশিক্ষণ কেন্দ্র

ও

সদস্য সচিব

পরিবেশ ও বন সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।